115145

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৯৬/ ১৫৮

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯ / ০৪ ডিসেম্বর ২০২২

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন জি. বি. আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে একজন ছাত্রীর অভিভাবক জনাব মোঃ জামাল হায়দার একখানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপালনকালী প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ (তিন) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

04.12.2022

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

04/12/22

উপজেলা নির্বাহী অফিসার
মোরেলগঞ্জ, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৯৬/ ১৫৮

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯ / ০৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বাগেরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট;
৪. সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসা পরিচালনা কমিটি, জি. বি. আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসা, মোরেলগঞ্জ, বাগেরহাট;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জি. বি. আমেনা খাতুন বালিকা দাখিল মাদ্রাসা, মোরেলগঞ্জ, বাগেরহাট;
৬. জনাব মোঃ জামাল হায়দার (অভিযোগকারী), বড় বাদুরা, ফকিরবাড়ী, মোরেলগঞ্জ, বাগেরহাট;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

৪/১২/২২

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

04/12/22

বরাবর

রেজিস্ট্রার,
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বখশি বাজার, ঢাকা।

বিষয়ঃ- বিধি বহির্ভূতভাবে নিয়মিত পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গঠন করার কারণে অভিযোগ ও উক্ত কমিটি বাতিলের জন্য আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারী বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধিন জি.বি আমেনা খাতুন বালিকা দাখিল মাদরাসার ছাত্র/ছাত্রী অভিভাবক হইতেছি। উক্ত মাদরাসায় ০১. আমার ছেলে ২০২২ শিক্ষাবর্ষে ইবতেদায়ী পঞ্চম শ্রেণিতে অধ্যায়নরত আছে। যাহার শ্রেণি রোল নং-০১, আমার ভোটার নং-৫৭। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী আমার নাম মোঃ জামাল হায়দার। ০২. আমার মেয়ে মোসাঃ লামিয়া আক্তার দাখিল ৭ম শ্রেণি, শ্রেণি রোলঃ ০৫, আমার ভোটার নং- ১০৭। জাতীয় পরিচয় পত্র অনুজায়ী আমার নাম মোঃ জামাল হওলাদার। অনেক অন্যায়, অনিয়ম, ও গোপনে নাটকিয় কায়দায় মোরেলগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে বসে চুপেচাপে ম্যানেজিং কমিটি গঠন করে। যাহা তঞ্চকিয়, অকার্যকরি ও বেআইনি। আমাদের সকল ছেলে-মেয়েরা এই মাদরাসায় লেখা-পড়া করে আসছে। বিগত দিনেও আমারা মাদরাসার সকল প্রকার সাহায্য সহযোগীতা করে আসছি। সুপার সাহেব ০৭/০৬/২০২২ খ্রি. তারিখ গোপনে এলাকার কাউকে না জানিয়ে মোরেলগঞ্জ উপজেলায় বসে কমিটি গঠন করেন। যাহা আপত্তিকর ও দুঃখ জনক। বিষয়টি নিয়ে বাগেরহাট জেলা আদালতে ০১টি মামলা (মামলা নং-১৯২/২০২২) দায়ের করা হয়েছে। আমরা সুপার সাহেবের নিকট যোগাযোগ করলে তিনি আমাদেরকে জানান যে, যেহেতু কমিটির বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে এবং কমিটির কাগজপত্রে অনেক ভুলত্রুটি আছে মর্মে বাগেরহাট আদালতে মামলা এবং মাদরাসা শিক্ষা বোর্ডে অভিযোগ রয়েছে। এখন উক্ত কমিটি বাতিল করে নতুন করে সকল প্রকার কাগজপত্র ও ভোটার তালিকা আপডেট করে প্রতিষ্ঠানের ক্যাম্পাসে প্রকাশ্যে ভোট গ্রহণের মাধ্যমে কমিটি গঠন কার্যক্রম সম্পন্ন করা হবে বলে আশ্বাস দিয়েছেন। এখন আমরা শুনতে পাই আবেদনকারী ও নতুন কমিটি কর্তৃক্ষের যোগসাজসে খুব শিগ্রই নতুন অবৈধ কমিটি অনুমোদনের পায়তারা চালাইতেছে। এই জন্য আমরা উক্ত কমিটি বাতিলের জন্য অত্র অভিযোগ দাখিল করিলাম।

* অভিযোগগুলি নিম্নরূপঃ

০১. মোঃ তাওহীদ খান, ৪র্থ শ্রেণি, রোল নং- ০৪, পিতা মোঃ রুহুল আমিন। সেই অত্র মাদরাসায় কোন ভর্তি নাই। অথচ পিতা মোঃ রুহুল আমিনকে ম্যানেজিং কমিটির ভোটার তালিকায় ৪৫ নম্বরে ভোটার করা হয়েছে। উক্ত ছাত্র তাক্বওয়া ইন্টারন্যাশনাল হিফজুল কুরআন ও নুরানী মাদরাসায় লেখাপড়া করে। যাহার প্রত্যয়ন পত্র সংযুক্ত করা হইল।

০২. মোঃ আব্দুল্লাহ আল মামুন, প্রথম শ্রেণি, রোল নং- ০২, পিতাঃ মৃত মোঃ আলী আকবার, মাতাঃ মাজেদা বেগম। উল্লেখ্য যে পিতা মৃত মোঃ আলী আকবার ০৩/০৪/২০১৮ খ্রি. তারিখ মৃত্যুবরণ করলেও তাকে আবার ম্যানেজিং কমিটি গঠনের জন্য ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে। যাহার ভোটার নং- ০২। মৃত সনদ সংযুক্ত আছে।

০৩. মোসাঃ হামিদা আক্তার, প্রথম শ্রেণি, রোল নং- ২৩, পিতাঃ মোঃ সবুর খান, সে বর্তমানে ২০২২ শিক্ষা বর্ষের অর্ধবার্ষিক পরীক্ষায় অংশগ্রহণরত আছে। অথচ তার পিতা সবুর খান নামে কোন ভোটার করা হয় নাই। অর্ধবার্ষিক পরীক্ষার প্রবেশ পত্র সংযুক্ত আছে।

০৪। ২৪ ও ২৫ নং ভোটার একই ব্যক্তির এবং ১২৩ ও ২০৩ নং ভোটার একই ব্যক্তির। এভাবে অসংক্ষ ভোটার জাল জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করে গোপনে ম্যানেজিং কমিটি গঠনের জন্য সুপারিনটেনডেন্ট সাহেব এককভাবে আধিপত্ব বিস্তারের জন্য এই সকল অনিয়ম ও দূর্নিতী করে বানোয়াট ভোটার তালিকা তৈরী করেছেন। যে ভোটার তালিকা কাজে খাটিয়ে ম্যানেজিং কমিটি গঠন করা বিধি সম্মত নয়, বরং বেআইনি।

০৫. সেহুতু ০৭/০৬/২০২২ খ্রি. তারিখে জি.বি আমেনা খাতুন বালিকা দাখিল মাদরাসার কথিত কমিটি তঞ্চকিয়, বে আইনী ও অকার্যকর মর্মে উক্ত বানোয়াট ম্যানেজিং কমিটির বিরুদ্ধে মোরেলগঞ্জ সিনিয়র সহকারী জজ আদালত, বাগেরহাট এ ২০/০৬/২০২২ খ্রি. তারিখে ১৯২/২২ নং মামলা দায়ের করা হয়েছে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা যে, বিধি বহির্ভূত নতুন ম্যানেজিং কমিটি বাতিল পূর্বক যাহাতে সকল প্রকার অনিয়ম দূর করে নির্ভুল ও স্বচ্ছ ভোটার তালিকা তৈরী পূর্বক বিধি সম্মতভাবে একটি সুষ্ঠু নির্বাচন পাইতে পারি তাহার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

বিনাত নীবেদক

তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রি.।

০১. মোঃ জামাল হায়দার মোঃ জামাল হায়দার
মোবাঃ ০১৭১৪-৫৭২০৫২
০২. মোঃ জামাল হাওলাদার মোঃ জামাল হাওলাদার
মোবাঃ ০১৭৪৯-৮০১৯৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
জাতীয় পরিচয়পত্র / National ID Card



নাম
মোঃ জামাল হাওলাদার
Name
MD JAMAL HOWLADER
পিতা
মোঃ আঃ হামিদ হাওলাদার
মাতা
মোসাঃ নুরজাহান
Date of Birth 20 Feb 1974
NID No 325 019 7187

মো: জামাল

ঠিকানা: গ্রাম/রাস্তা: বড় বাদুরা, ডাকঘর: ফকির বাড়ী - ৯৩২০, মোড়লগঞ্জ, বাগেরহাট

Blood Group Place of Birth BAGERHAT Issue Date 04 Nov 2019


I<BGD325019718<73<<<<<<<<<<<<<
7402201M3411034BGD<<<<<<<<<<<2
HOWLADER<<MD<JAMAL<<<<<<<<<<<<


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
জাতীয় পরিচয়পত্র / National ID Card



নাম
মোঃ জামাল হায়দার
Name
MD JAMAL HIDER
পিতা
মোঃ আশ্রাফ আলী হাওলাদার
মাতা
মোসাঃ রওশনারা বেগম
Date of Birth 01 Jan 1978
NID No 775 021 2271

ঠিকানা: গ্রাম/রাস্তা: বড়বাদুরা, ডাকঘর: ফকির বাড়ী - ৯৩২০, মোড়লগঞ্জ, বাগেরহাট

Blood Group Place of Birth BAGERHAT Issue Date 04 Nov 2019


I<BGD775021227<16<<<<<<<<<<<<<
7801011M3411034BGD<<<<<<<<<<<8
HIDER<<MD<JAMAL<<<<<<<<<<<<<<<